

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৩৪

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - আবূ বাকর সিদ্দীক (রাঃ) -এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ الثَّنِفُ (بَابِ مَنَاقِبِ أَبِي بكر)

আরবী

عَن عمر ذُكِرَ عِنْدُهُ أَبُو بَكْرٍ فَبَكَى وَقَالَ: وَدِدْتُ أَنَ عَمَلِي كُلَّهُ مِثْلُ عَمَلِهِ يَوْمًا وَاحِدًا مِنْ أَيَّامِهِ وَلَيْلَةٌ وَاحِدَةً مِنْ لَيَالِيهِ أَمَّا لَيْلَتُهُ فَلَيْلَةٌ سَارَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْغَار فَلَمَّا انتهينا إِلَيْهِ قَالَ: وَاللَّهِ لَا تَدْخُلُهُ حَتَّى أَدْخُلُ قَبْلُكَ فَإِنْ كَانَ فِيهِ شَيْءٌ إَلَى الْغَار فَلَمَا انتهينا إِلَيْهِ قَالَ: وَاللَّهِ لَا تَدْخُلُهُ حَتَّى أَدْخُلُ قَبْلُكَ فَإِنْ كَانَ فِيهِ شَيْءٌ أَصَابَنِي دُونَكَ فَدَخُلَ فَكَسَحَهُ وَوَجَدَ فِي جَانِبِهِ ثُقْبًا فَشَقَّ إِزَارِه وسدها بِهِ وَيَقِي مِنْهَا أَثْنَان فألقمها رِجْلَيْهِ ثُمَّ قَالَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْخُلْ فَدَخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْخُلْ فَدَخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلُوعَ أَبُو بَكْرٍ فِي رِجْلِهِ مِنَ الْجُحر صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَوْعَ أَبُو بَكْرٍ فِي رِجْلِهِ مِنَ الْجُحر وَلُهُ لَللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَوُضِعَ رَأْسِه فِي حجره وَنَامَ فَلُدغَ أَبُو بَكْرٍ فِي رِجْلِهِ مِنَ الْجُحر وَلَم يَتَحَرَّكُ مَخَافَة أَن ينتبه رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «مَا لَكَ يَا أَبُا بَكْرٍ؟» قَالَ: لُدغْتُ فِرَاكَ أَبِي وَلَمُ لَلْكَ يَا أَبِا بَكْرٍ؟» قَالَ: لُو مَنَعُ وَيَعُ وَلَمُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْتَعُ عَلَيْهِ وَسَلَّمَ الْتَهُ عَلَيْهِ وَسَلَّمَ الْتَهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَ وَقَالَ: هَوْ مَنَعُونِي عِقَالًا لَكِهُ عَلَيْهِ وَسَلَّمَ الْتَعُ مَلْهُ وَسَلَّمَ الْتَعُ عَلَيْهِ وَسَلَّمَ الْنَهُ عَلَيْهِ وَسَلَّمَ الْتَهُ عَلَيْهِ وَسَلَّمَ الْلَهُ عَلَيْهِ وَسَلَّمَ الْلَهُ عَلَيْهِ وَسَلَّمَ الْقَلْعَ الْوَحْيُ وَتَمَّ الدِينُ أَيْنَقُصُ وَأَنا حَيَّ . وَقَالً الْقَوْمُ وَتَمَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْقَوْمُ وَلَا لَكِهُ عَلَوْلًا لَعَ الْمَالَعُ الْقَلْعَ الْوَحْيُ وَتَمَّ الدِينُ أَيْنَعُومُ وَلَا لَحَيْد وَالْعُ وَالَّا حَيْه وَاللَّهُ عَلَيْهِ وَلَا لَعُولُ وَلَا اللَّهُ عَلَيْهُ وَلَا الْمَعْ وَلَوْ الْمَاهُ وَلَا الْمَعْمُ وَلُوهُ اللَّهُ عَلَالًا لَعَلَعُ الْوَاحُمُ وَلَا الْح

اسناده ضعیف جذا ، رواه رزین (لم اجده) [و البیهقی فی دلائل النبوة (2 / 477)] * فیم فرات بن السائب عن میمون بن مهران ، و الفرات هذا ضعیف جدًا متروک د (ضَعِیف)

বাংলা



৬০৩৪-[১৬] 'উমার (রাঃ) হতে বর্ণিত। একদিন তাঁর সামনে আবূ বকর সিদ্দীক (রাঃ) -এর আলোচনা উঠল। তখন তিনি কেঁদে ফেললেন এবং বললেন, আমি অন্তর থেকে এ আকাজ্জা পোষণ করি যে, হায়! আমার গোটা জীবনের 'আমলসমূহের যদি আবূ বকর-এর জীবনের দিনসমূহের এক দিনের 'আমলের সমান হত এবং তাঁর জীবনের রাত্রসমূহের মধ্য হতে এক রাত্রির 'আমলের সমান হত। তার ঐ রাত্র হলো সে রাত্র, যে রাত্রিতে তিনি রাসূলুল্লাহ (সা.) -এর সঙ্গে গারে সাওরের দিকে যাত্রা করেন। তারা উভয়ে যখন ঐ গুহার নিকটে পৌছলেন, তখন আবূ বকর সিদ্দীক (রাঃ) রাসূলুল্লাহ (সা.) -কে লক্ষ্য করে বললেন, আল্লাহর শপথ! আপনি এখন গুহার ভিতরে প্রবেশ করবেন না, যে পর্যন্ত না আমি আপনার আগে তার ভিতরে প্রবেশ করি, আক্রমণকারী কোন শক্র বা কীটপতঙ্গের আক্রমণ হলে তা আপনার পরিবর্তে আমার উপর দিয়েই যাক। এই বলে তিনি গুহার ভিতরে চুকে পড়লেন এবং তার ভিতরাংশকে ঝাড়পোছ করে পরিষ্কার করে নিলেন।

অতঃপর তার এক পার্শ্বে কয়েকটি ছিদ্র দেখতে পেলেন, তখন তিনি নিজের ইজার ছিড়ে ছিদ্রগুলো বন্ধ করে দিলেন; কিন্তু তন্মধ্যে দুটি ছিদ্র অবশিষ্ট থেকে গেল। ঐ ছিদ্র দুটির মুখে তিনি নিজের পা দুটি রেখে বন্ধ করলেন। অতঃপর রাসূলুল্লাহ (সা.) -কে তিনি বললেন, প্রবেশ করুন। অতঃপর রাসূল (সা.) তার ভিতরে প্রবেশ করলেন এবং আবৃ বকর সিদ্দীক (রাঃ) -এর উরুতে মাথা রেখে ঘুমিয়ে পড়লেন। এ সময় ঐ ছিদ্র হতে আবৃ বকর সিদ্দীক (রাঃ)-এর পা (সাপ বা বিচ্ছু কর্তৃক) দংশিত হলো। কিন্তু রাসূলুল্লাহ (সা.) -এর ঘুম ভেঙ্গে যাবে এ আশঙ্কায় তিনি এতটুকুও নড়াচড়া করলেন না। তবে তাঁর চোখের পানি রাসূলুল্লাহ (সা.) -এর চেহারাতে পড়ল। তখন তিনি বললেন, হে আবৃ বকর! তোমার কি হয়েছে? উত্তরে তিনি বললেন, আমার পিতা-মাতা আপনার ওপর কুরবান হোক। আমি দংশিত হয়েছি। তখন রাসূলুল্লাহ (সা.) তাঁর ক্ষতস্থানে স্বীয় থুথু লাগিয়ে দিলেন। ফলে তিনি যে বিষ্ম্যন্ত্রণায় ভুগছিলেন, তা দূর হয়ে গেল। এরপর উক্ত বিষক্রিয়া তাঁর উপর আবার দেখা দিল এবং এটাই তার মৃত্যুর কারণ হলো। আর তাঁর সে দিনটি হলো– যখন রাসূলুল্লাহ (সা.) -এর মৃত্যুর পর 'আরববাসীরা মুরতাদ হয়ে গেল এবং তারা বলল, আমরা যাকাত প্রদান করব না। তখন তিনি বলেছিলেন, যদি তারা একটি রশি প্রদানেও অস্বীকার করে, আমি নিশ্চয় তাদের বিরুদ্ধে যুদ্ধ করব।

তখন আমি বলেছিলাম, হে রাসূলুল্লাহ (সা.) -এর খলীফাহ্! মানুষের সাথে হৃদ্যতা প্রদর্শন করুন এবং তাদের সাথে কোমল আচরণ করুন। উত্তরে তিনি আমাকে বলেছিলেন, অন্ধকার যুগে তুমি তো ছিলে বড়ই বাহাদুর, এখন ইসলামের পর কি তুমি কাপুরুষ হয়ে পড়লে? জেনে রাখ, নিশ্চয় ওয়াহী আসার ধারা চিরতরে বন্ধ হয়ে গেছে এবং দীন পূর্ণ হয়ে গেছে। দীন হ্রাস পাবে আর আমি জীবিত? (তা কখনো হতে পারে না)। (রযীন)

ফুটনোট

বায়হাক্বী'র দালায়িলুন নুবুওয়্যাহ (২/৪৭৭) কিতাবে আলবানীর তাহক্বীক পাওয়া যায়নি, তবে ইবনু হিব্বান সহীহ বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন